

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ

মৎস্য ভবন, রমনা, ঢাকা।

www.fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.১২১.০২.০০৩.১৯.- ৩৪৮

তারিখ: ১৫/০২/২০২০খ্রি.

বিষয়: ভূমি মন্ত্রণালয় হতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে হস্তান্তরিত মৎস্য অধিদপ্তরের আওতাধীন জলমহালের মেয়াদ বৃদ্ধি/নবায়ন প্রসঙ্গে।


সূত্র : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং-৩৩.০০.০০০০১৩৬.১৪.০০৫.১৬.৩৮৫, তারিখ-০২/০১/২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয় হতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে হস্তান্তরিত মৎস্য অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প ও রাজস্ব খাতের আওতায় হস্তান্তরিত যে সব জলমহালের ইজারা মেয়াদ উত্তীর্ণ হয়েছে বা শীঘ্রই উত্তীর্ণ হবে সে সব জলমহালের ইজারা মেয়াদ বৃদ্ধি/নবায়নের জন্য মৎস্য অধিদপ্তরের ১৩/০১/২০২০খ্রি. তারিখের ৩৩.০২.০০০০.১২১.০২.০০২.১৯.০২ সংখ্যক স্মারকের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি এ লক্ষ্যে কোন প্রত্যাব পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, মৎস্য অধিদপ্তরাধীন জলমহালগুলোর বিষয়ে যথাসময়ে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

০৩। উল্লেখ্য, আবেদনের সাথে নিম্নোক্ত তথ্যাদি প্রেরণ করতে হবে।

১. সুফলভোগী দলের আবেদন - ০১ প্রস্ত
২. ভূমি মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের অনুলিপি - ০১ প্রস্ত
৩. মৎস্য অধিদপ্তর ও স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা কমিটির মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের অনুলিপি - ০১ প্রস্ত
৪. জেলা/ উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সুফলভোগী দল ও জলমহালের উন্নয়ন সংক্রান্ত প্রতিবেদন - ০১ প্রস্ত
৫. হস্তান্তরের পর হতে বছরভিত্তিক জলমহালেরর খাজনা, ভ্যাট, আয়কর পরিশোধ সংক্রান্ত চালানের তালিকাসহ অনুলিপি - ০১ প্রস্ত
৬. এতদসংশ্লিষ্ট অন্যান্য কাগজ-পত্রাদি - ০১ প্রস্ত।

  
(আজিজুল হক)

উপপরিচালক (মৎস্যচাষ)

ফোন: ০২-৯৫৬১৫৯২

ই-মেইল: ddaqua@fisheries.gov.bd

উপপরিচালক (সকল বিভাগ)

মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা/ সিলেট বিভাগ, সিলেট/ বরিশাল বিভাগ, বরিশাল/ রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ

জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। জেলা মৎস্য কর্মকর্তা (সকল), -----।

১। সিনিয়ার উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), -----।